দৈনিক বাংলা
তারিখ 15 DEC 1987
পৃষ্ঠা 5 কলাম 3

249

# মীরপুর কলেজের সমস্যা

স্বাধীনতার পর পর স্থাপিত মীরপুর কলেজটি দীর্ঘদিন থেকে এলাকার ছাত্রছাত্রীদের উচ্চ-শিক্ষা দান করে আসছে। কলেজটিতে মানবিক, বিজ্ঞান ও বাণিজ্য তিনটি শাখাই চালু আছে। কিন্তু কলেজটি শুরু থেকেই একটি অপরিসর পরিত্যক্ত ভবনে রয়েছে। বর্তমানে কলেজটিতে ছাত্র ছাত্রীর সংখ্যা অনেক বেড়ে গেছে। কলেজ ভবনের ক্ষুদ্র পরিসরে ক্রমবর্ধমান এই ছাত্রছাত্রীর সংখ্যার আর স্থান সংকুলান হচ্ছে না। ফলে কর্তৃপক্ষের ইচ্ছা থাকা সত্ত্বেও অনেক ছাত্রছাত্রীকে এ কলেজে ভর্তি করা যাচ্ছে না। আর তাই অভিভাবকরা বাধ্য হয়েই তাদের ছেলেমেয়েদের দূরবর্তী কলেজে পাঠাচ্ছেন। কিন্তু এতে এক দিকে যেমন তাদের আর্থিক ক্ষতি হচ্ছে অন্যদিকে তারা মানসিক দুশ্চিন্তায় ভুগছেন। কলেজ কর্তৃপক্ষের সঙ্গে আলাপ করে জানা যায় যে ১৯৮১ সালে শিক্ষা মন্ত্রণালয় মীরপুর ২ নং সেকশনের প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন পশ্চিম পার্শ্বের পতিত দুই একর জমি কলেজটিকে লিজ হিসাবে হস্তান্তর করার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। কিন্তু অদ্যাবধি সে সিদ্ধান্ত কেন কার্যকরী হলো না তা এলাকাবাসীর কাছে একটা প্রশ্ন হয়ে আছে। একটি প্রতিষ্ঠিত উচ্চশিক্ষা প্রতিষ্ঠান শুধু স্থান সংকুলান সমস্যার কারণে এ ভাবে বিপন্ন হয়ে পড়বে এটা দুঃখজনক। তাই মীরপুর এলাকার ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষা লাভের

## জনমত

স্বার্থে কলেজ কর্তৃপক্ষ ও সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয় কলেজটির জন্য প্রয়োজনীয় জমির ব্যবস্থা আশু গ্রহণ করবেন এটাই আমাদের প্রার্থনা।

—মাহবুব রেজা
১০/এ ৩/১ (কলেজ রোড)
মীরপুর, ঢাকা।